

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
মনোহরদী, নরসিংদী।

উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির ফেব্রুয়ারি ২০২৪ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : হাছিবা খান, উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।  
সভার তারিখ : ১৯/০২/২০২৪ খ্রি.  
সভার সময় : সকাল-১১:০০ ঘটিকা  
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মনোহরদী, নরসিংদী।  
সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃষ্টিকরণ করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। বাল্যবিবাহ সংক্রান্ত অভিযোগ ও প্রতিরোধ	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি ২০২৪ মাসে বাল্যবিবাহ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। পূর্বের কোন অভিযোগ অনিষ্পন্ন নেই।	কোনো ইউনিয়ন হতে বাল্যবিবাহের অভিযোগ আসলে উক্ত ইউনিয়ন বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির সভাপতিসহ সকল সদস্য একযোগে কাজ করে তা বন্ধের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়।	১। সদস্য (সকল), উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি, মনোহরদী, নরসিংদী। ১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মনোহরদী, নরসিংদী।
২। ইউনিয়ন বাল্যবিবাহ নিরোধ কমিটির সভা সংক্রান্ত	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, জানুয়ারি ২০২৪ মাসে কোন ইউনিয়ন হতে বাল্যবিবাহ নিরোধ কমিটির সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। তিনি প্রতিমাসে ইউনিয়ন বাল্যবিবাহ নিরোধ কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলায় প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ জানান।	প্রতিমাসে ইউনিয়ন বাল্যবিবাহ নিরোধ কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলায় প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিশেষভাবে অনুরোধ জানানো হয়।	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মনোহরদী, নরসিংদী।
৩। সচেতনতামূলক কার্যক্রম	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় বিভিন্ন ইউনিয়নে উঠান বৈঠক/সচেতনতামূলক সভা করা হচ্ছে। জানুয়ারি ২০২৪ মাসে উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে ও মনোহরদী পৌরসভায় ৪টি উঠান বৈঠক/সচেতনতামূলক সভা করা হয়। এসকল কার্যক্রমের মাধ্যমে প্রায় ৩০০ জনকে সচেতন করা হয়।	বাল্যবিবাহ প্রতিরোধে প্রচার-প্রচারণা, উঠান বৈঠক, সচেতনতামূলক সভা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী। ২। ইউপি চেয়ারম্যান (সকল), মনোহরদী, নরসিংদী। ৩। উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, মনোহরদী, নরসিংদী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(হাছিবা খান)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
সভাপতি  
উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি  
মনোহরদী, নরসিংদী।

স্মারক নম্বর: ৩২.০১.৬৮৫২.০২৫.০৬.০০১.২১- ৮৪(২)

তারিখ: ২০/০২/২০২৪ খ্রি.

অনুলিপি বিতরণ (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নরসিংদী।
- ৫। অফিসার ইনচার্জ, মনোহরদী থানা, মনোহরদী, নরসিংদী।
- ৬। উপজেলা ..... কর্মকর্তা।
- ৭। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ (সকল), মনোহরদী, নরসিংদী।
- ৮। জনাব ..... মনোহরদী, নরসিংদী।
- ৯। অফিস কপি।

  
২০/০২/২৪  
(রেহানা আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি

মনোহরদী, নরসিংদী।

মোবাইল: ০১৯৫৮-১৮৭৪৬৩।

ই-মেইল: uwaomonohardi@gmail.com